



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে উন্মুক্ত পাঠাগারের উদ্বোধন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ২৩ এপ্রিল-২০১৮, সোমবার 'উন্মুক্ত পাঠাগার'-এর উদ্বোধনী অনুষ্ঠান কলা ভবনের নিচতলায় অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উন্মুক্ত পাঠাগারের উদ্বোধন করেন। এসময় উপাচার্য উন্মুক্ত পাঠাগারটি একাডেমিক কারিকুলামের পাশাপাশি নানাবিধ জ্ঞানার্জনে সহায়ক ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, গ্রন্থাগারিক মোঃ এনামুল হক, পরীক্ষা নিয়ন্ত্রক এ. কে. এম. আক্তারুজ্জামান, বিভাগের শিক্ষক, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



রাসেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধিবৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা সংশ্লিষ্ট সংস্থা, সাধারণ শিক্ষার্থীরা তাদের পঠন-পাঠনের কাজে উন্মুক্ত পাঠাগারটি ব্যবহার করতে পারবে। উল্লেখ্য, বিভাগীয় পরীক্ষা দিন ব্যতীত প্রতিদিন দুপুর ১টা হতে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত পাঠাগার খোলা থাকবে। বিভাগীয় পরীক্ষার দিন বিকাল ৪টা হতে উন্মুক্ত পাঠাগারটি উন্মুক্ত থাকবে।